# সংগীতজগতে শূন্যতা, ফরিদা পারভীনের মৃত্যুতে বিএনপি মহাসচিবের শোক



সংগৃহীত ছবি

লোকসংগীতের প্রাণপুরুষ লালনের গানকে নতুন উচ্চতায় তুলে ধরা শিল্পী ফরিদা পারভীনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, সংগীত ও সংস্কৃতির ভুবনে এই মৃত্যু এক অপূরণীয় ক্ষতি, যা সহজে পূরণ হওয়ার নয়।

শনিবার (১৩ সেপ্টেম্বর) রাতে খ্যাতিমান সংগীতশিল্পী ফরিদা পারভীনের মৃত্যুতে শোকবার্তা দিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, “বরেণ্য এই শিল্পীর ইহধাম ত্যাগে দেশের সংগীতাঙ্গন গভীর শূন্যতায় নিমজ্জিত হলো। তার গাওয়া গান যুগ যুগ ধরে সংগীতপ্রেমীদের হৃদয় স্পর্শ করবে।”

ফখরুল আরও বলেন, লালনগীতির বাইরেও নানামাত্রিক গান পরিবেশনার মাধ্যমে ফরিদা পারভীন কোটি মানুষের ভালোবাসা অর্জন করেছেন। তার কণ্ঠের মাধুর্য ও সুরের জাদু সংস্কৃতিপ্রেমী মানুষের হৃদয়ে চিরকাল বেঁচে থাকবে।

LENS ASIA

শোকবার্তায় বিএনপি মহাসচিব প্রয়াত শিল্পীর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, শনিবার (১৩ সেপ্টেম্বর) রাত সোয়া ১০টায় রাজধানীর মহাখালীর ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতালে মারা যান ফরিদা পারভীন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭১ বছর। ১৯৫৪ সালের ৩১ ডিসেম্বর নাটোরের সিংড়ায় জন্ম নেওয়া এই শিল্পী ১৪ বছর বয়সে সংগীতে পেশাদার যাত্রা শুরু করেন। এরপর পাঁচ দশকের বেশি সময় গানের ভুবনকে সমৃদ্ধ করেছেন তিনি।